# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.nmst.gov.bd

9001:2015

### মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মাদ মুনীর চৌধুরী<br>মহাপরিচালক |
| সভার তারিখ | : | ৮ এপ্রিল, ২০২৪ খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | ডাহুক মিলনায়তন |
| উপস্থিতি | : | 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য |

৮ এপ্রিল, ২০২৪ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী'এর সভাপতিত্বে সংস্থার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা'গৃহীত হয়। এরপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | সরকারের নির্বাচনী ইশতেহার/ এপিএ বাস্তবায়ন | বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীদের জাদুঘরে সফরের লক্ষ্যে প্রতিষ্ঠানভিত্তিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। দেশব্যাপী বিজ্ঞান শিক্ষা কার্যক্রমকে উৎসাহিত করার লক্ষ্যে প্রত্যেক জেলা পরিষদের চেয়ারম্যান এবং জেলা প্রশাসক বরাবর বিআরটিসি বাসের মাধ্যমে শিক্ষার্থী প্রেরণের জন্য চিঠি লিখতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ' এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| ২ | টেলিস্কোপ প্রদর্শনীর আয়োজন | টেলিস্কোপ প্রদর্শনীর উপযুক্ত সময় নির্ধারণপূর্বক বিভিন্ন স্কুল কলেজ, বিশ্ববিদ্যালয় এবং আবাসিক এলাকায় প্রদর্শনীর আয়োজন করতে হবে। চলমান বিজ্ঞান মেলার কার্যক্রমের সাথে টেলিস্কোপ প্রদর্শনী সংযুক্ত করতে হবে। | **জনাব** মাসুদুর রহমান, কিউরেটর<br>**জনাব** মোঃ তৌহিদুল হাসান, সহকারী কিউরেটর |
| ৩ | প্রকাশনা কাজ সমাপ্তকরণ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর আওতায় সর্বমোট ১০ টি প্রকাশনা প্রকাশের ব্যবস্থা নিতে হবে। প্রকাশনীসমূহ জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট উদ্ভাবনী ব্যক্তি/প্রতিষ্ঠানে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | **জনাব** মোঃ হাদিসুর রহমান, লাইব্রেরিয়ান কাম ডকুমেন্টেশন অফিসার |
| ৪ | বিজ্ঞান মেলা ও বিজ্ঞান ক্লাব সংক্রান্ত | ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আগামী ৩০ এপ্রিলের মধ্যে সম্পন্নকরণপূর্বক বিল ভাউচার যথাযথভাবে প্রেরণের জন্য জেলা প্রশাসনের সাথে যোগাযোগ রাখতে হবে। বিভাগীয় পর্যায়ে বিজ্ঞান মেলা আগামী মে মাসের মধ্যে আয়োজনের লক্ষ্যে বিভাগীয় কমিশনার বরাবর চেক প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | **জনাব** এম. এম. মহিউদ্দিন কবীর মাহিন, প্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>**জনাব** মোঃ আনিসুর রহমান, কিউরেটর |
| | | ইউনিয়ন পর্যায়ে গঠিত বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবগুলোর কার্যক্রম সমন্বয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর চিঠি লিখতে | **জনাব** সৈকত সরকার, উপ-প্রধান ডিসপ্লে কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | | হবে। | |
| ৫ | প্রবিধানমালা সংক্রান্ত | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ডানপার্শ্বস্থ কমিটি সংস্থার প্রবিধানমালা দ্রুত অনুমোদনের উদ্যোগ গ্রহণ করবেন। | **জনাব** মোঃ ওয়াহিদুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব) - আহ্বায়ক<br>**জনাব** মুমিনুর রশীদ, সহকারী কিউরেটর -সদস্য<br>**জনাব** মোঃ কায়ছার আব্দুল্লাহ, সহকারী প্রোগ্রামার -সদস্য<br>**জনাব** মোঃ আজিজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ) - সদস্যসচিব |
| ৬ | পদ সৃজন সংক্রান্ত | আপাতত আউটসোর্সিং এর মাধ্যমে একজন সহকারী প্রকৌশলী (সিভিল) নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **জনাব** মোঃ আজিজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ) |
| ৭ | পূর্ত কাজ | সকল পূর্ত কাজের যথাযথ মান ও সময়ভিত্তিক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। জাদুঘরের মূল্যবান স্থাপনা,গ্যালারি এবং বাগান ব্যবস্থাপনা ক্ষতিগ্রস্থ হচ্ছে বিধায় ওয়াসার পানির লাইন স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | **জনাব** মোঃ তৌহিদুল হাসান, সহকারী কিউরেটর<br>**জনাব** এস.এম.আবু হান্নান, সহকারী কিউরেটর |
| ৮ | প্রদর্শনীবস্তু সংগ্রহ | রেলের ইঞ্জিন, হেলিকপ্টার, পরমাণু মডেল সংগ্রহের জন্য যথাযথ কতৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে। | **জনাব** সুকল্যান বাছাড়, সিনিয়র কিউরেটর<br>**জনাব** শাফিয়া তাসনীম দ্রাঘিমা, গ্যালারি সহকারী |
| ৯ | Plant Museum স্থাপন | একটি প্ল্যান্ট মিউজিয়াম স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **জনাব** মুমিনুর রশীদ , সহকারী কিউরেটর<br>**জনাব** মোঃ আজিজুল ইসলাম , সহকারী কিউরেটর<br>**জনাব** নাদিরা ইয়াসমিন জুঁই , সহকারী কিউরেটর |
| ১০ | আইএসও (ISO) এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম | আইএসও অডিটের নির্দেশনা মোতাবেক যাবতীয় সংরক্ষণ/মেরামত কাজের রেজিষ্টার সংরক্ষণ ও সার্বক্ষনিক তদারকি নিশ্চিত করতে হবে। | **জনাব** এস.এম.আবু হান্নান , সহকারী কিউরেটর<br>**জনাব** নাদিরা ইয়াসমিন জুঁই , সহকারী কিউরেটর<br>**জনাব** মোঃ মোজাম্মেল হোসেন , গ্যালারী এসিস্ট্যান্ট<br>**জনাব** মোঃ আরাফাত আলী , গ্যালারী এসিস্ট্যান্ট |
| ১১ | বিজ্ঞান কমপ্লেক্স ভবন | বিজ্ঞান কমপ্লেক্স ভবনের ফ্লোর ব্যবহার/ভাড়া প্রদানের লক্ষ্যে ডানপার্শ্বস্থ কমিটি একটি সুস্পষ্ট নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **জনাব** এ.জে.এম. সালাহ্উদ্দিন নাগরী, উপপরিচালক<br>**জনাব** মোঃ আজিজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ) |
| | | বিজ্ঞান কমপ্লেক্স ভবনের প্রচার এবং প্রসারের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে চিঠি প্রদান করতে হবে। | **জনাব** এম. এম. মহিউদ্দিন কবীর মাহিন, প্রধান ডিসপ্লে কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১২ | বাগান ব্যবস্থাপনা | বিজ্ঞান জাদুঘরে বিদ্যমান বাগানসমূহের টেকসই ব্যবস্থাপনা, নিয়মিত পরিচর্যা ও সৌন্দর্যবর্ধন নিশ্চিত করার জন্য জাদুঘর প্রাঙ্গণে/বাগানসমূহে মৌসুমভিত্তিক নতুন চারা রোপণের বিষয়ে বিভিন্ন ফুলের বা গাছের চারা'র তালিকা প্রস্তাব করবেন এবং তদানুযায়ী পরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ করবেন। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন বা রাবার প্রক্রিয়াকরণ কারখানার সাথে যোগাযোগ করে রাবার বাগান রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **জনাব** এম. এম. মহিউদ্দিন কবীর মাহিন, প্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>**জনাব** সৈকত সরকার, উপ-প্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>**জনাব** নাদিরা ইয়াসমিন জুঁই, সহকারী কিউরেটর |
| | | বাগানসমূহে পানি ছড়ানো ও সেচ কার্যে আধুনিকায়ন এবং পানির অপচয় রোধকল্পে বহনযোগ্য মটর ক্রয়ের নিমিত্তে কারিগরি বিনির্দেশসহ সরেজমিন বাজারমূল্য যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। উল্লেখ্য, কমিটি এই কার্যের বাস্তবায়ন ও সার্বিক তদারকিও নিশ্চিত করবেন। | **জনাব** সৈকত সরকার , উপ-প্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>**জনাব** নাদিরা ইয়াসমিন জুঁই, সহকারী কিউরেটর |
| ১৩ | অকেজো মালামালের নিলাম | সকল অকেজো মালামালের নিলাম দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **জনাব** এ.জে.এম. সালাহ্উদ্দিন নাগরী, উপপরিচালক<br>**জনাব** এম. এম. মহিউদ্দিন কবীর মাহিন, প্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>**জনাব** মোঃ আব্দুল আজ্জিজ, কিউরেটর |
| ১৪ | বার্ষিক ক্রয় পরিকল্পনা | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহে নতুন প্রদর্শনীবস্তু স্থাপনের লক্ষ্যে কারিগরি বিনির্দেশ দ্রুত প্রস্তুতপূর্বক ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কিউরেটরিয়াল শাখার সকল কর্মকর্তা |
| ১৫ | প্রকল্পের অগ্রগতি | 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাকাশ অবলোকন কেন্দ্র' প্রকল্পের মাটি ভরাট ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের প্রাক্কলনের বিষয়ে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের আলোকে গণপূর্ত অধিদপ্তর হতে প্রাপ্ত উক্ত দুইটি প্যাকেজে দরপত্র আহ্বানে পূর্বানোমোদনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে বিবেচনাধীন রয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | **জনাব** খোকন কান্তি সাহা, প্রকল্প পরিচালক (উপসচিব)<br>**জনাব** এস.এম.আবু হান্নান, সহকারী কিউরেটর<br>**জনাব** মোঃ আব্দুল মাজেদ, সহকারী কিউরেটর |
| ১৬ | বিভাগীয় মিউজিয়াম স্থাপন | খুলনা বিভাগে বিভাগীয় মিউজিয়াম স্থাপনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | **জনাব** মোঃ ওয়াহিদুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব)<br>**জনাব** সুকল্যান বাছাড়, সিনিয়র কিউরেটর<br>**জনাব** মোঃ আব্দুল আজ্জিজ, কিউরেটর<br>**জনাব** এস.এম.আবু হান্নান, সহকারী কিউরেটর |
| ১৭ | ওয়েবসাইট হালনাগাদকরণ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | **জনাব** এস.এম.আবু হান্নান, সহকারী কিউরেটর<br>**জনাব** মোঃ কায়ছার আব্দুল্লাহ, সহকারী প্রোগ্রামার<br>**জনাব** মোঃ আরাফাত আলী , গ্যালারী এসিস্ট্যান্ট |

সভাপতি সকলকে সরকারি দায়িত্ব পালনে সততা ও আন্তরিকতা প্রয়োগের নির্দেশ প্রদান করেন। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মাদ মুনীর চৌধুরী
মহাপরিচালক

স্মারক নং-৩৯.০৩.০০০০.০০৫.০৬.০০১.২০- ৬০১৯ তারিখ:০৮/০৪/২০২৪ খ্রি.

অনুলিপিঃ

১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। প্রকল্প পরিচালক (উপসচিব), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
৩। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। সকল কর্মকর্তা/কর্মচারি, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

নাদিরা ইয়াসমিন জুঁই
সহকারী কিউরেটর